17 APR 2017
পৃষ্ঠা ৪

দৈনিক
ইত্তেফাক

# প্রধানমন্ত্রীর প্রতি কওমি বোর্ডসমূহের কৃতজ্ঞতা প্রকাশ

শিক্ষা মন্ত্রণালয় সম্প্রতি কওমি মাদ্‌রাসার দাওরায়ে হাদীসের সনদকে মাস্টার্স (ইসলামিক স্টাডিজ এবং আরবী) এর সমমান প্রদান করে প্রজ্ঞাপন জারির পর কওমি মাদ্‌রাসার দাওরায়ে হাদীসের সনদের মান বাস্তবায়ন কমিটির সদস্যগণ এক জরুরি বৈঠকে মিলিত হন। চট্টগ্রামের দারুল উলূম হাটহাজারী মাদ্‌রাসায় মহাপরিচালকের কার্যালয়ে গতকাল রবিবার এই বৈঠকে সনদের মান বাস্তবায়ন কমিটির পক্ষ থেকে প্রধানমন্ত্রী শেখ হাসিনা এবং শিক্ষামন্ত্রীসহ সংশ্লিষ্টদের ধন্যবাদ জ্ঞাপন করে কৃতজ্ঞতা প্রকাশ করা হয়। বৈঠকে কওমি মাদ্‌রাসার শিক্ষা সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে আলোচনা-পর্যালোচনা হয় এবং ৬ বোর্ডের আওতাধীন মাদ্‌রাসাসমূহে চলতি শিক্ষাবর্ষের দাওরায়ে হাদীসের পরীক্ষা অভিন্ন প্রশ্নপত্রে গ্রহণসহ আরো কিছু বিষয়ে সিদ্ধান্ত নেওয়া হয়।

বেফাকুল মাদারিসিল আরাবিয়া বাংলাদেশ (বেফাক) সভাপতি শায়খুল ইসলাম আল্লামা শাহ আহমদ শফী বৈঠকে সভাপতিত্ব করেন।-প্রেস বিজ্ঞপ্তি

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং...............................
তারিখ...............................

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিষ্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে

স্বাক্ষর